গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তর
সুরক্ষা সেবা বিভাগ
স্বরাষ্ট্র মন্ত্রণালয়
৪১, সেগুনবাগিচা, ঢাকা-১০০০।
Website: www.dnc.gov.bd

মহান স্বাধীনতার সুবর্ণজয়ন্তী উদযাপনের নিমিত্ত মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তর কর্তৃক গৃহীত কর্মপরিকল্পনা বাস্তবায়নের সর্বশেষ অগ্রগতি সংক্রান্ত সভার কার্যবিবরণী:

| | | |
|---|---|---|
| সভাপতি | : | মোঃ আজিজুল ইসলাম<br>অতিরিক্ত মহাপরিচালক, মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তর। |
| সভার তারিখ ও সময় | : | ০৬ অক্টোবর, ২০২১, সকাল ১০.০০ ঘটিকা। |
| সভার স্থান | : | জুম অনলাইন প্লাটফর্ম। |
| উপস্থিতি | : | পরিশিষ্ট-'ক' দ্রষ্টব্য। |

সভাপতি উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে সভার কার্যক্রম শুরু করেন। সভার প্রারম্ভে তিনি গভীর শ্রদ্ধার সাথে স্মরণ করেন সর্বকালের সর্বশ্রেষ্ঠ বাঙালি জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানকে, যার জন্ম না হলে বাংলাদেশ স্বাধীন হতো না। তিনি মহান মুক্তিযুদ্ধে আত্নদানকারী সকল শহিদকেও শ্রদ্ধাভরে স্মরণ করেন। সভাপতি বলেন, এ বছর আমাদের দেশ ও জাতির জন্য খুবই একটি গুরুত্বপূর্ণ বছর। মহান স্বাধীনতার সুবর্ণজয়ন্তীর পাশাপাশি এ বছর আমরা জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের জন্মশতবার্ষিকী 'মুজিববর্ষ' উদযাপন করছি।

২। সভায় স্বাধীনতার সুবর্ণজয়ন্তী উপলক্ষ্যে অধিদপ্তরের কর্মপরিকল্পনা বাস্তবায়ন নিয়ে বিস্তারিত আলোচনা হয়। অত:পর সকলের আলোচনা ও মতামতের ভিত্তিতে নিম্নরূপ সিদ্ধান্তসমূহ গৃহীত হয়:

| ক্র: | কর্মসূচির বিবরণ | বাস্তবায়নকাল | বাস্তবায়ন অগ্রগতি | সিদ্ধান্ত | বাস্তবায়নকারী |
|---|---|---|---|---|---|
| ১ | স্বাধীনতার সুবর্ণজয়ন্তী বর্ণাঢ্য ও যথাযথ মর্যাদার সাথে উদযাপনে মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তরের ওয়েবসাইটে সুবর্ণজয়ন্তী কর্ণার স্থাপন। | ২৬ মার্চ ২০২১ - ১৬ ডিসেম্বর ২০২১ | বাস্তবায়িত | বাস্তবায়িত | সিস্টেম এনালিস্ট মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তর, প্রধান কার্যালয়, ঢাকা। |
| ২ | স্বাধীনতার সুবর্ণজয়ন্তীতে মহান মুক্তিযুদ্ধের গৌরবময় ইতিহাস নতুন প্রজন্মের নিকট তুলে ধরতে বীর মুক্তিযোদ্ধাদের নিয়ে টকশো/ ওয়েবিনার আয়োজন। | ২৬ মার্চ ২০২১ - ১৬ ডিসেম্বর ২০২১ | ০১টি ওয়েবিনার আয়োজন করা হয়েছে। | নির্ধারিত সময়ের মধ্যে আরো ওয়েবিনার/টকশো আয়োজন করতে হবে। | পরিচালক (প্রশাসন)/সহকারী পরিচালক (প্রশাসন) মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তর, প্রধান কার্যালয়, ঢাকা। |
| ৩ | মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তর ও মাঠ পর্যায়ের দপ্তরসমূহের কর্মকর্তা-কর্মচারীদের নিয়ে প্রধান কার্যালয়, বিভাগীয় কার্যালয় ও জেলা কার্যালয়সমূহে আলোচনা সভার আয়োজন। | ২৬ মার্চ ২০২১ | বাস্তবায়িত | বাস্তবায়িত | পরিচালক (প্রশাসন) মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তর, প্রধান কার্যালয়, ঢাকা। |
| ৪ | জাতীয় শোক দিবস উপলক্ষে মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তর ও মাঠ পর্যায়ের দপ্তরসমূহের কর্মকর্তা-কর্মচারীদের নিয়ে প্রধান কার্যালয়, বিভাগীয় কার্যালয় ও জেলা কার্যালয়সমূহে আলোচনা সভা ও দোয়া মাহফিল আয়োজন। | ১৫ আগস্ট ২০২১ | বাস্তবায়িত | বাস্তবায়িত | পরিচালক (প্রশাসন)/সহকারী পরিচালক (কমন সার্ভিস), মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তর, প্রধান কার্যালয়, ঢাকা। |

| ক্র: | কর্মসূচির বিবরণ | বাস্তবায়নকাল | বাস্তবায়ন অগ্রগতি | সিদ্ধান্ত | বাস্তবায়নকারী |
| --- | --- | --- | --- | --- | --- |
| ৫ | মহান বিজয় দিবস উপলক্ষে মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তর ও মাঠ পর্যায়ের দপ্তরসমূহের কর্মকর্তা-কর্মচারীদের নিয়ে প্রধান কার্যালয়, বিভাগীয় কার্যালয় ও জেলা কার্যালয়সমূহে আলোচনা সভা ও সরকারি নিরাময় কেন্দ্রসমূহে উন্নতমানের খাবার পরিবেশন। | ১৬ ডিসেম্বর, ২০২১ | বাস্তবায়ন করা হবে। | আগামী ১৬ ডিসেম্বর, ২০২১ তারিখে কর্মসূচীটি যথাযথ গুরুত্বের সাথে পালন করতে হবে। অধিদপ্তরের ঢাকাস্থ অফিস ব্যতিত অন্যান্য বিভাগীয়/মেট্রো/জেলা অফিস বিভাগীয় কমিশনার/জেলা প্রশাসকের অফিসের সাথে সমন্বয় করে কর্মসূচিটি বাস্তবায়ন করতে হবে। | পরিচালক (প্রশাসন) সহকারী পরিচালক (প্রশাসন), মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তর, প্রধান কার্যালয়, ঢাকা এবং চীফ কনসালটেন্ট/সিনিয়র কনসালটেন্ট/মেডিকেল অফিসার, কেন্দ্রীয় মাদকাসক্তি নিরাময় কেন্দ্র, ঢাকা। |
| ৬ | সভা-সেমিনার:<br>১) বর্তমান সরকারের মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তরের উন্নয়ন ও অগ্রগতি বিষয়ক আলোচনা সভা; | ২৬ মার্চ ২০২১<br>-<br>১৬ ডিসেম্বর, ২০২১ | ১) অধিদপ্তরের বিভাগীয় ও জেলা অফিস নিয়মিতভাবে বর্তমান সরকারের মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তরের উন্নয়ন ও অগ্রগতি বিষয়ক আলোচনা সভার আয়োজন করছেন। | ১) অধিদপ্তরের বিভাগীয় ও জেলা অফিসসমূহ তাদের মাসিক সমন্বয় সভায় এ বিষয়ে আলোচনা করতে পারেন। পাশাপাশি প্রধান কার্যালয় কর্তৃক প্রস্তুতকৃত বর্তমান সরকারের সময়ের মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তরের উন্নয়ন ও অগ্রগতি বিষয়ে সংশ্লিষ্ট জেলা প্রশাসনের সাথে সমন্বয় করে সভার আয়োজন করবেন এবং প্রতিমাসে জেলা ভিত্তিক এ সংক্রান্ত তথ্য পরিচালক (প্রশাসন) বরাবর প্রেরণ করবেন। | পরিচালক (প্রশাসন)/পরিচালক (নিরোধ শিক্ষা)/সহকারী পরিচালক (কমন সার্ভিস), মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তর, প্রধান কার্যালয়, ঢাকা এবং অতিরিক্ত পরিচালক, বিভাগীয় কার্যালয় (সকল), উপপরিচালক/ সহকারী পরিচালক, মেট্রো: কার্যালয়/জেলা কার্যালয় (সকল)। |
| | ২) প্রত্যেক বিভাগে প্রতি মাসে মাদকবিরোধী আলোচনা সভা; | ২৬ মার্চ ২০২১<br>-<br>১৬ ডিসেম্বর, ২০২১ | ২) অধিদপ্তর কর্তৃক সারাদেশে মার্চ-সেপ্টেম্বর/২০২১ মাস পর্যন্ত সময়ে ৩,০২৫টি মাদকবিরোধী আলোচনা সভার আয়োজন করা হয়েছে। | ২) বিভাগীয় ও জেলা অফিস নিয়মিতভাবে মাদকবিরোধী আলোচনা সভার আয়োজন করবেন এবং প্রতিমাসে এ সংক্রান্ত তথ্য পরিচালক (নিরোধ শিক্ষা) বরাবর প্রেরণ করবেন। | |
| | ৩) মাদকদ্রব্যের অপব্যবহার ও অবৈধ পাচারবিরোধী আন্তর্জাতিক দিবস উদযাপন; | ২৬ মার্চ ২০২১<br>-<br>১৬ ডিসেম্বর, ২০২১ | ৩) বাস্তবায়িত। | ৩) বাস্তবায়িত। | |

| ক্র: | কর্মসূচির বিবরণ | বাস্তবায়নকাল | বাস্তবায়ন অগ্রগতি | সিদ্ধান্ত | বাস্তবায়নকারী |
|---|---|---|---|---|---|
| | ৪) জনবহুল স্থান/বিভিন্ন শিক্ষা প্রতিষ্ঠানসহ অন্যান্য প্রতিষ্ঠানে মাদকবিরোধী সভা-সমাবেশ। | ২৬ মার্চ ২০২১ - ১৬ ডিসেম্বর, ২০২১ | ৪) অধিদপ্তর কর্তৃক সারাদেশে মার্চ-সেপ্টেম্বর/২০২১ মাস পর্যন্ত সময়ে বিভিন্ন জেলায় ৩,২২৯টি মাদকবিরোধী সভা-সমাবেশের আয়োজন করা হয়েছে। | ৪) বিভাগীয় ও জেলা অফিস নিয়মিতভাবে মাদকবিরোধী সভা-সমাবেশের আয়োজন করবেন এবং প্রতিমাসে এ সংক্রান্ত তথ্য পরিচালক (নিরোধ শিক্ষা) বরাবর প্রেরণ করবেন। | |
| ৭ | প্রচার:<br>সামাজিক যোগাযোগ মাধ্যম ফেসবুক ও ইউটিউব এবং কিয়স্ক, এলইডি বিলবোর্ড, টিভি, ওয়েবিনার ও ওয়েবসাইটের মাধ্যমে প্রচার-<br>১) বঙ্গবন্ধু ও বাংলাদেশ বিষয়ক প্রামাণ্যচিত্র; | ২৬ মার্চ, ২০২১ - ১৬ ডিসেম্বর, ২০২১ | ১) সামাজিক যোগাযোগ মাধ্যম ফেসবুক ও ইউটিউব এবং কিয়স্ক, এলইডি বিলবোর্ড, টিভি, ওয়েবিনার ও ওয়েবসাইটের মাধ্যমে বঙ্গবন্ধু ও বাংলাদেশ বিষয়ক প্রামাণ্য চিত্র নিয়মিত প্রদর্শন করা হচ্ছে। | ১) সামাজিক যোগাযোগ মাধ্যম ফেসবুক ও ইউটিউব এবং কিয়স্ক, এলইডি বিলবোর্ড, টিভি, ওয়েবিনার ও ওয়েবসাইটের মাধ্যমে বঙ্গবন্ধু ও বাংলাদেশ বিষয়ক প্রামাণ্য চিত্র প্রদর্শন অব্যাহত রাখতে হবে। | পরিচালক (নিরোধ শিক্ষা)/সহকারী পরিচালক (প্রশাসন/নিরোধ শিক্ষা), মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তর, প্রধান কার্যালয়, ঢাকা। |
| | ২) মুক্তিযুদ্ধ বিষয়ক প্রামাণ্যচিত্র; | ২৬ মার্চ, ২০২১ - ১৬ ডিসেম্বর, ২০২১ | ২) সামাজিক যোগাযোগ মাধ্যম ফেসবুক ও ইউটিউব এবং কিয়স্ক, এলইডি বিলবোর্ড, টিভি, ওয়েবিনার ও ওয়েবসাইটের মাধ্যমে মুক্তিযুদ্ধ বিষয়ক প্রামাণ্য চিত্র প্রদর্শন করা হচ্ছে। | ২) ফেসবুক ও ইউটিউব এবং কিয়স্ক, এলইডি বিলবোর্ড, টিভি, ওয়েবিনার ও ওয়েবসাইটের মাধ্যমে মুক্তিযুদ্ধ বিষয়ক প্রামাণ্য চিত্র প্রদর্শন অব্যাহত রাখতে হবে। | |
| | ৩) মাদকবিরোধী টিভি ফিলার, টিভিসি, থিমসং, নাটক-নাটিকা; | ২৬ মার্চ, ২০২১ - ১৬ ডিসেম্বর, ২০২১ | ৩) মাদকবিরোধী টিভি ফিলার ও থিমসং নিয়মিত প্রদর্শন করা হচ্ছে। | ৩) মাদকবিরোধী টিভি ফিলার ও থিমসং নিয়মিত প্রদর্শন অব্যাহত রাখতে হবে। | |
| | ৪) মাদকবিরোধী টকশো/ ওয়েবিনার; | ২৬ মার্চ, ২০২১ - ১৬ ডিসেম্বর, ২০২১ | ৪) শিক্ষার্থীদের অংশগ্রহণে এশিয়ান টিভি চ্যানেলে "মাদকমুক্ত সুস্থ জীবন" নামীয় ২০ পর্বের মাদকবিরোধী টকশোর আয়োজন করা হয়েছে এবং এটিএন বাংলা, চ্যানেল আই, আরটিভি, মাইটিভি ও মোহনা টেলিভিশনে ২৬টি মাদকবিরোধী টকশো আয়োজন করা হয়েছে। | ৪) নির্ধারিত সময়ের মধ্যে মাদকবিরোধী টকশো নির্মাণ ও প্রচার করতে হবে। | |

| ক্র: | কর্মসূচির বিবরণ | বাস্তবায়নকাল | বাস্তবায়ন অগ্রগতি | সিদ্ধান্ত | বাস্তবায়নকারী |
|---|---|---|---|---|---|
| | ৫) মাদকের চাহিদা ও ক্ষতি হ্রাসে মাদকবিরোধী অন্যান্য প্রচারণা। | ২৬ মার্চ, ২০২১ - ১৬ ডিসেম্বর, ২০২১ | ৫) মাদকের চাহিদা ও ক্ষতি হ্রাসে মার্চ-সেপ্টেম্বর/২০২১ পর্যন্ত সময়ে ১,৭৭,০৩৪টি মাদকবিরোধী পোস্টার/লিফলেট/ ফেস্টুন বিতরণ করা হয়েছে। | ৫) মাদকের চাহিদা ও ক্ষতিহ্রাসের লক্ষ্যে মাদকবিরোধী পোস্টার/লিফলেট/ ফেস্টুনে বর্তমানে যেসব মাদকের অপব্যবহার বেশি হচ্ছে সেগুলোর তথ্য যুক্ত করে বিতরণ করতে হবে। | |
| ৮ | ১) অধিদপ্তরের সকল কার্যালয়ে স্থাপিত বঙ্গবন্ধু বুককর্ণারে বঙ্গবন্ধু ও মুক্তিযুদ্ধের ইতিহাস বিষয়ক বই এবং বিগত একযুগে দেশের উন্নয়ন ও অগ্রগতি নিয়ে প্রকাশিত বই সংরক্ষণ করে অধিদপ্তরের কর্মকর্তা-কর্মচারী ও তাদের সন্তানদের এবং অংশীজনদের এসব বই পড়ায় উৎসাহিতকরণ; | ২৬ মার্চ ২০২১ - ১৬ ডিসেম্বর ২০২১ | ১) কর্মসূচী মোতাবেক বঙ্গবন্ধু ও মুক্তিযুদ্ধের ইতিহাস বিষয়ক বই এবং বিগত একযুগে দেশের উন্নয়ন ও অগ্রগতি নিয়ে প্রকাশিত বই অধিদপ্তরের কর্মকর্তা-কর্মচারী ও তাদের সন্তানদের এবং অংশীজনদের মাঝে বিতরণ করা হয়েছে এবং এসব বই পড়ায় তাদেরকে উৎসাহিত করা হচ্ছে। | ১) নির্ধারিত সময়ের মধ্যে কর্মসূচীটি বাস্তবায়ন করতে হবে। অধিদপ্তরের সকল কার্যালয়ে স্থাপিত বঙ্গবন্ধু বুককর্ণার হতে প্রতি বৃহস্পতিবার অধিদপ্তরের কর্মকর্তা-কর্মচারীদের পড়ার জন্য একটি করে বই ইস্যু করতে হবে এবং তা লাইব্রেরীর রেজিস্টারে অন্তর্ভূক্ত করতে হবে। কর্মকর্তা-কর্মচারীগণ ইস্যুকৃত বই পড়া শেষ করে পরবর্তী সপ্তাহের রবিবার তা পুনরায় বুক কর্ণারে জমা দিবেন। | পরিচালক (নিরোধ শিক্ষা)/সহকারী পরিচালক (গবেষণা ও প্রকাশনা), মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তর, প্রধান কার্যালয়, ঢাকা এবং অতিরিক্ত পরিচালক, বিভাগীয় কার্যালয় (সকল), উপপরিচালক/সহকারী পরিচালক, মেট্রো: কার্যালয়/জেলা কার্যালয় (সকল)। |
| | ২) স্বাধীনতার সুবর্ণজয়ন্তীতে মহান মুক্তিযুদ্ধের গৌরবময় ইতিহাস নতুন প্রজন্মের নিকট তুলে ধরতে বঙ্গবন্ধু, মুক্তিযুদ্ধ ও বাংলাদেশ বিষয়ক বিভিন্ন লেখা সমৃদ্ধ স্মরণিকা/বুলেটিন প্রকাশ করা হবে; | ২৬ মার্চ ২০২১ - ১৬ ডিসেম্বর ২০২১ | ২) স্বাধীনতার সুবর্ণজয়ন্তীতে মহান মুক্তিযুদ্ধের গৌরবময় ইতিহাস নতুন প্রজন্মের নিকট তুলে ধরতে বঙ্গবন্ধু, মুক্তিযুদ্ধ ও বাংলাদেশ বিষয়ক বিভিন্ন লেখা প্রকাশের লক্ষ্যে লেখা আহবান করা হয়। প্রাপ্ত লেখাগুলোর সম্পাদনার কাজ সম্পন্ন হয়েছে। প্রিন্টিং এর জন্য ছাপাখানায় প্রেরণ করা হয়েছে। | ২) অক্টোবর/২০২১ এর মধ্যে স্মরণিকা/ বুলেটিন প্রকাশ করতে হবে। | |
| | ৩) মাদকবিরোধী সচেতনতায় মাদকের ক্ষতিকর তথ্য সম্বলিত লিফলেট, ফেস্টুন, পোস্টার ও পিভিসি এম্বুস্ড পোস্টার তৈরি ও বিতরণ। | ২৬ মার্চ ২০২১ - ১৬ ডিসেম্বর ২০২১ | ৩) মাদকবিরোধী সচেতনতায় মাদকের ক্ষতিকর তথ্য সম্বলিত লিফলেট ইতোমধ্যে অধিদপ্তরের সকল জেলা কার্যালয়ে প্রেরণ করা হয়েছে। তাছাড়া ইতোমধ্যে ৩,৭৭৩টি স্ট্যান্ড ফেস্টুন ও | ৩) মাদকবিরোধী সচেতনতায় বর্তমানে যেসব মাদকের অপব্যবহার বেশি হচ্ছে সেগুলোর তথ্য যুক্ত করে ফেস্টুন, পোস্টার ও পিভিসি এম্বুস্ড পোস্টার তৈরি করে বিতরণ করতে | |

| ক্র: | কর্মসূচির বিবরণ | বাস্তবায়নকাল | বাস্তবায়ন অগ্রগতি | সিদ্ধান্ত | বাস্তবায়নকারী |
|---|---|---|---|---|---|
| | | | ৩২,৫০০টি পিভিসি এম্বস্ড পোস্টার মাঠ পর্যায়ে বিতরণ করা হয়েছে। | হবে। | |
| ৯ | মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তরের বিভাগীয় কার্যালয়/জেলা কার্যালয়ে বঙ্গবন্ধু ও স্বাধীনতা বিষয়ে রচনা ও চিত্রাংকন প্রতিযোগিতার আয়োজন করা হবে। | ২৬ মার্চ ২০২১ - ১৬ ডিসেম্বর ২০২১ | কর্মসূচীটি বাস্তবায়নের নিমিত্ত গত ১৬ ও ১৭ আগস্ট, ২০২১ তারিখ দৈনিক বাংলাদেশ প্রতিদিন ও The Daily Observer পত্রিকায় বঙ্গবন্ধু ও স্বাধীনতা বিষয়ে রচনা ও চিত্রাংকন প্রতিযোগিতার বিষয়ে বিজ্ঞাপন প্রকাশ করা হয়েছে। ইতোমধ্যে ৭টি রচনা ও ৫টি চিত্রাঙ্কন জমা পড়েছে। | কর্মসূচীটি স্থানীয় জেলা শিশু একাডেমীর সহযোগিতায় ২৮ অক্টোবর, ২০২১ মাসের মধ্যে বাস্তবায়ন করতে হবে। এ লক্ষ্যে পত্রিকায় সংশোধনী বিজ্ঞাপন প্রকাশের পাশাপাশি বিভাগীয় অতিরিক্ত পরিচালকগণকে পত্র দিতে হবে। | পরিচালক (আপারেশনস), মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তরের প্রধান কার্যালয় এবং অতিরিক্ত পরিচালক, বিভাগীয় কার্যালয় (সকল)। |
| ১০ | ১) কোভিড-১৯ মহামারী মোকাবেলায় মাদকবিরোধী স্লোগানসম্বলিত হ্যান্ড স্যানিটাইজার তৈরি ও বিতরণ; | ২৬ মার্চ ২০২১ - ১৬ ডিসেম্বর ২০২১ | ১) কোভিড-১৯ মহামারী মোকাবেলায় মাদকবিরোধী স্লোগান সম্বলিত ১ লক্ষ হ্যান্ড স্যানিটাইজার প্রস্তুতপূর্বক বিভাগীয় কার্যালয়ের মাধ্যমে জেলা কার্যালয়ে বিতরণ করা হয়েছে। | ১) বাস্তবায়িত। | পরিচালক (নিরোধ শিক্ষা)/উপপরিচালক (ক্রয়, পরিকল্পনা ও উন্নয়ন), প্রধান কার্যালয়, ঢাকা এবং অতিরিক্ত পরিচালক, বিভাগীয় কার্যালয় (সকল), উপপরিচালক/ সহকারী পরিচালক, মেট্রো: কার্যালয়/জেলা কার্যালয় (সকল)। |
| | ২) কোভিড-১৯ মহামারী মোকাবেলায় মাদকবিরোধী স্লোগান সম্বলিত মাস্ক তৈরি ও বিতরণ; | ২৬ মার্চ ২০২১ - ১৬ ডিসেম্বর ২০২১ | ২) কোভিড-১৯ মহামারী মোকাবেলায় সারাদেশে মাদকবিরোধী স্লোগান সম্বলিত ৬১,৩৬৫টি মাস্ক তৈরি ও বিতরণ করা হয়েছে। | ২) বাস্তবায়িত। | |
| ১১ | স্বাধীনতার সুবর্ণজয়ন্তীতে মাদকের বিরুদ্ধে জনসচেতনতা বৃদ্ধির লক্ষ্যে ৮টি বিভাগীয় শহরে একটি করে মাদকবিরোধী প্রীতি ভলিবল ম্যাচের আয়োজন করা হবে। | ২৬ মার্চ ২০২১ - ১৬ ডিসেম্বর ২০২১ | এ লক্ষ্যে ইতোমধ্যে বান্দরবান ও চাঁপাইনবাবগঞ্জ জেলায় একটি করে প্রীতি ভলিবল ম্যাচ সম্পন্ন করা হয়েছে। মহামারী কোভিড-১৯ পরিস্থিতির কারণে কর্মসূচীটি এখন পর্যন্ত আয়োজন সম্ভব হয়নি। নির্ধারিত সময়ের মধ্যে এই কর্মসূচীটি বাস্তবায়ন করা হবে। | কর্মসূচীটি স্থানীয় জেলা প্রশাসনের সাথে সমন্বয় করে আগামী অক্টোবর, ২০২১ মাসের মধ্যে বাস্তবায়ন করতে হবে। যে সকল জেলায় প্রীতি ভলিবল ম্যাচ আয়োজন হয়নি সে সকল জেলার জেলা প্রশাসক বরাবর ডিও লেটার প্রেরণ করতে হবে। পাশাপাশি প্রীতি ভলিবল ম্যাচ সংক্রান্ত সকল জেলার তথ্য শীঘ্রই প্রধান কার্যালয়ে প্রেরণ করতে হবে। | পরিচালক (নিরোধ শিক্ষা) মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তর, প্রধান কার্যালয়, ঢাকা এবং অতিরিক্ত পরিচালক, বিভাগীয় কার্যালয় (সকল)। |

| ক্র: | কর্মসূচির বিবরণ | বাস্তবায়নকাল | বাস্তবায়ন অগ্রগতি | সিদ্ধান্ত | বাস্তবায়নকারী |
|---|---|---|---|---|---|
| ১২ | কর্মকর্তা-কর্মচারিদের সন্তানদের জন্য বঙ্গবন্ধু, মুক্তিযুদ্ধ ও বাংলাদেশ বিষয়ভিত্তিক বইপড়া প্রতিযোগিতার আয়োজন করা হবে। | ২৬ মার্চ ২০২১ - ১৬ ডিসেম্বর ২০২১ | কর্মসূচিটি বাস্তবায়নের লক্ষ্যে অপারেশনস্ অধিশাখার ১৪ সেপ্টেম্বর, ২০২১ তারিখের ৪৯২ সংখ্যক স্মারকমূলে মাঠ পর্যায়ের বিভাগীয় কার্যালয়ে পত্র প্রেরণ করা হয়েছে। কর্মসূচিটি শুধুমাত্র অধিদপ্তরের কর্মকতা-কর্মচারীদের সন্তানদের জন্য প্রযোজ্য। | পরিচালক (অপারেশনস) এ বিষয়ে প্রয়োজনীয় উদ্যোগ গ্রহণ করবেন এবং অক্টোবর, ২০২১ মাসের মধ্যে বাস্তবায়ন কার্যক্রম সম্পন্ন করবেন। | পরিচালক (অপারেশনস্)/ অতিরিক্ত পরিচালক (গোয়েন্দা), মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তর, প্রধান কার্যালয়, ঢাকা। |
| ১৩ | স্বাধীনতার সুবর্ণজয়ন্তী উপলক্ষ্যে মাদকবিরোধী বিশেষ অভিযান পরিচালনা করা হবে। | ২৬ মার্চ ২০২১ - ১৬ ডিসেম্বর ২০২১ | অধিদপ্তর কর্তৃক অধিদপ্তর কর্তৃক মাদকবিরোধী অভিযান চলমান রয়েছে। মার্চ-সেপ্টেম্বর/২০২১ পর্যন্ত সময়ে ৪৫,৩৪৮টি অভিযান পরিচালনা করে ১০,৮৯২টি মামলায় ১১,২৯০জন আসামীকে গ্রেফতার করা হয়েছে। | পরিচালক (অপারেশনস) এ বিষয়ে কার্যকর পদক্ষেপ গ্রহণ করবেন। | পরিচালক (অপারেশনস্), মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তর, প্রধান কার্যালয়, ঢাকা এবং অতিরিক্ত পরিচালক (সকল)/ উপপরিচালক/সহকারী পরিচালক, বিভাগীয় গোয়েন্দা কার্যালয় (সকল)/ জেলা কার্যালয় (সকল)/ মেট্রো কার্যালয় (সকল)। |

৫। সভাপতি যথাযথ স্বাস্থ্যবিধি অনুসরন করে কর্মসূচীগুলো নির্ধারিত সময়ের মধ্যে যথাযথ বাস্তবায়ন/পালনের জন্য সকলকে বিশেষভাবে অনুরোধ করেন।

৬। সভায় আর কোন আলোচ্য বিষয় না থাকায় সভাপতি সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।

১৩/১০/২০২১

(মো: আজিজুল ইসলাম)
অতিরিক্ত মহাপরিচালক।

২৮ আশ্বিন , ১৪২৮

নথি নং-৫৮.০২.০০০০.০০৬.২৩.০০৩.২১-৪১৫৬

তারিখ: --------------------

১৩ অক্টোবর, ২০২১

অনুলিপি সদয় অবগতি / প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

১। সচিব, সুরক্ষা সেবা বিভাগ, স্বরাষ্ট্র মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা (দৃ: আ: অতিরিক্ত সচিব, মাদক অনুবিভাগ)।
২। পরিচালক (প্রশাসন/অপারেশনস্/চিকিৎসা ও পুনর্বাসন/নিরোধ শিক্ষা), মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তর, প্রধান কার্যালয়, ঢাকা/চীফ কনসালটেন্ট, কেন্দ্রীয় মাদকাসক্তি নিরাময় কেন্দ্র, তেজগাঁও, ঢাকা।
৩। প্রধান রাসায়নিক পরীক্ষক, মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তর, কেন্দ্রীয় রাসায়নিক পরীক্ষাগার, গেন্ডারিয়া, ঢাকা।
৪। অতিরিক্ত পরিচালক, মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তর, বিভাগীয় কার্যালয়, ঢাকা/চট্টগ্রাম/রাজশাহী/খুলনা/বরিশাল/সিলেট/ রংপুর/ময়মনসিংহ/গোয়েন্দা শাখা।
৫। সিস্টেম এনালিস্ট, মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তর, প্রধান কার্যালয়, ঢাকা (ওয়েবসাইটে প্রকাশের অনুরোধসহ)।
৬। বিজ্ঞ নির্বাহী ম্যাজিস্ট্রেট, মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তর, প্রধান কার্যালয়, ঢাকা।
৭। সিনিয়র কনসালটেন্ট/মেডিকেল অফিসার, বিভাগীয় মাদকাসক্তি নিরাময় কেন্দ্র, চট্টগ্রাম/রাজশাহী/খুলনা।
৮। উপপরিচালক (……………………), মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তর, প্রধান কার্যালয়/বিভাগীয় কার্যালয়/মেট্রো কার্যালয়/ জেলা কার্যালয়/বিভাগীয় গোয়েন্দা কার্যালয়/টেকনাফ বিশেষ জোন,…………………………।

৯। সহকারী পরিচালক (……………………..), মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তর, প্রধান কার্যালয়/বিভাগীয় কার্যালয়/মেট্রো কার্যালয়/ জেলা কার্যালয়/বিভাগীয় গোয়েন্দা কার্যালয়/টেকনাফ বিশেষ জোন……………………..।

১০। সহকারী প্রোগ্রামার, মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তর, প্রধান কার্যালয়, ঢাকা।

১১। মহাপরিচালক মহোদয়ের ব্যক্তিগত সহকারী (মহাপরিচালক মহোদয়ের সদয় অবগতির জন্য)।

১২। অতিরিক্ত মহাপরিচালক মহোদয়ের ব্যক্তিগত সহকারী (অতিরিক্ত মহাপরিচালক মহোদয়ের সদয় অবগতির জন্য)।

১৩। অফিস কপি।

(মোঃ রবিউল ইসলাম)
উপপরিচালক (নিরোধ শিক্ষা)